দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 DEC 2015
পৃষ্ঠা ৪ কলাম ৩

# ফজলুল হক কলেজের অধ্যক্ষকে স্বপদে বহালের দাবিতে মানববন্ধন

গেণ্ডারিয়া থানাধীন ফজলুল হক মহিলা কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) অশোক কুমার সাহাকে স্বপদে বহালের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশ মাইনোরিটি সংগ্রাম পরিষদ।গত বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের সামনে এ কর্মসূচি পালিত হয়।

কর্মসূচিতে বক্তারা বলেন, গত ৬ এপ্রিল অশোক কুমার সাহাকে কলেজের জ্যেষ্ঠ শিক্ষক হিসাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়। সম্প্রতি সরকারি অনুদানে নির্মিতব্য একটি ভবনের জন্য নির্ধারিত স্থানে কয়েকটি গাছ কাটাকে কেন্দ্র করে স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে একটি মহল অধ্যক্ষের পদত্যাগ দাবি করে। এ সময় কলেজ পরিচালনা বোর্ড অধ্যক্ষকে দুই মাসের ছুটিতে পাঠিয়ে দেয়া হয়।

কর্মসূচিতে হিন্দু কল্যাণ ট্রাস্টের ভাইস চেয়ারম্যান বিচারপতি গৌরগোপাল সাহা, বাংলাদেশ জাতীয় হিন্দু সমাজ সংস্কার সমিতির সভাপতি অধ্যাপক হীরেন্দ্র নাথ বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন। - প্রেস বিজ্ঞপ্তি